শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৯৫২.৫৫০.০২.০০৮.২৪. ৩৩৫৫

তারিখঃ ১৬ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী ক্যাশিয়ারের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | ক্যাশিয়ার (০১ জন, কম/বেশী হতে পারে) | (ক) প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় নুযনতম দ্বিতীয় বিভাগ অথবা (জিপিএ ৫.০০ এর মধ্য ৩.০০ পেয়ে ) উত্তীর্ণ সহ পবিসে ন্যূনতম ০৭ (সাত) বছর নিয়মিতভাবে সহকারী ক্যাশিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>(খ) গ্রাহকদের সহিত সৌজন্যমূলক ও মাধুর্য্যপূর্ণ আচরণ করার মানসিকতা ও সক্ষমতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ করতে হবে।<br>(ঙ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) টি ইংরেজী অথবা ১০ (দশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>(চ) নিরাপত্তা জামানত হিসেবে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রদানের আর্থিক সক্ষমতা থাকতে হবে।<br>(ছ) অবশ্যই দাপ্তরিক যন্ত্রপাতি ও কম্পিউটার চালনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>(জ) সহকারী ক্যাশিয়ার পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পৃথকভাবে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |

## আবেদন করার পদ্ধতিঃ

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখপূর্বক সাদা কাগজে (A4 সাইজের কাগজে)) স্বহস্তে বাংলায় লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) স্বামীর নাম, (ঘ) মাতার নাম, (ঙ) যোগাযোগের ঠিকানা, (চ) স্থায়ী ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ায় প্রমাণপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণের ফটোকপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র, ইউপি/পৌর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক আবেদনপত্র সহ **আগামী ১১/০৮/২০২৪ খ্রিঃ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকার** সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস, মুক্তারাম, (ত্রিমোহনী), কুড়িগ্রাম) স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

## শর্তাবলীঃ

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত ) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবংএকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

চলমান পৃষ্ঠা-০২-

০২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৩। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য 'চলতি দায়িত্বে' নিয়োগ দেওয়া হবে। 'চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪,৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যোনেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পস্ট সুপারিশ, সর্বেশেষ ০৩(তিন) বছরের ভিতর কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোন লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ বৎসরের ভিতর একবার গুরুদণ্ড ও ০১(এক) বার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। বর্ণিত পদে পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য হবে না, তবে অত্র পবিস এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৭। পদোন্নতির ক্ষেত্রে কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত, ২০১২) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৮। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সাকুর্লার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৯। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(স্বাক্ষরিত) ৩১/৭/২৪
(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হল।)**
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৫। পুলিশ সুপার, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিতকরণসহ তাদের আবেদনপত্র সুপারিশসহ অগ্রায়নের জন্য অনুরোধ করা হল।)
০৭। ডিজিএম, সদর-কারিগরী/ উলিপুর/নাগেশ্বরী/লালমনিরহাট/আদিতমারী/চিলমারী/ভূরুঙ্গামারী/ফুলবাড়ী জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।
০৮। এজিএম, (প্রশাসন/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম/এম.এস/আইটি), কুড়ি-লাল পবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), কচাকাটা সাব-জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।
১০। নোটিশ বোর্ড, কুড়ি-লাল পবিস ।
১১। অফিস কপি/মাস্টার কপি ।

(স্বাক্ষরিত) ৩১/৭/২৪
(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার